# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৩৪১

১১. কিতাবুয যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ যারা মানুষের কাছে সাহায্য তাদের চেয়ে, যারা মানুষের কাছে সাহায্য চায় না, দানের ক্ষেত্রে তাদের অগ্রাধিকার দেওয়া মুস্তাহাব

ذِكْرُ اسْتِحْبَابِ الْإِيثَارِ بِالصَّدَقَةِ مَنْ لَا يَسْأَلُ دُونَ مَنْ يَسْأَلُ

আরবী

3341 ـ أَخْبَرَنَا عُمَرُ بْنُ سَعِيدِ بْنِ سِنَانٍ بِمَنْبِجَ أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ أَبِي بَكْرٍ عَنْ مَالِكٍ عَنْ أَبِي الزِّنَادِ عَنِ الْأَعْرَجِ عَنْ أَبِي هُرَيْرَةَ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (لَيْسَ الْمِسْكِينُ بِهَذَا الطَّوَّاف الَّذِي يَطُوفُ عَلَى النَّاسِ ترده اللُّقْمَةُ وَاللُّقْمَتَانِ وَالتَّمْرَةُ والتمرتان قالوا: فمن المسكين يارسول اللَّهِ؟ قَالَ: (الَّذِي لَا يَجِدُ غِنًى يُغْنِيهِ وَلَا يُفطن لَهُ فيُتصدق عَلَيْهِ وَلَا يَقُومُ فيسأل الناس)

الراوي : أَبُو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3341 | خلاصة حكم المحدث: صحيح ((صحيح أبي داود)) (1442): ق.

বাংলা

৩৩৪১. আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “মিসকিন সে নয়, যে মানুষের কাছে ঘুরে ঘুরে সাহায্য চায়। অতঃপর তাকে একটি বা দুটি খেজুর অথবা এক বা দু‘লুকমা খাবার দিয়ে বিদায় করা হয়।” সাহাবীগণ বললেন, “তাহলে কিসকীন কে?” জবাবে তিনি বলেন, “যে ব্যক্তির এমন সহায়-সম্বল নেই যার মাধ্যমে সে স্বাবলম্বী হয়ে চলবে। আর তার অভাব বুঝাও যায় না, তাকে সাদাকাহ করা হবে। আর সে উঠে গিয়ে মানুষের কাছে সাহায্যও চায় না।”[1]

ফুটনোট

[1] মুয়াত্তা ইমাম মালিক: ২/৯২৩; সহীহুল বুখারী: ১৪৭৯; নাসাঈ: ৫/৮৫; সুনান বাইহাকী: ৭/১১; বাগাবী:

১৬০২; সহীহ মুসলিম: ১০৩৯।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ১৪৪২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92674

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন